

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ডি-১১ (প্রশাসন) শাখা
www.mod.gov.bd

নম্বর: ২৩.০০.০০০০.১১০.৯৯.০৮২.১৭.৭০৭


তারিখ: ০৩ জ্যেষ্ঠ ১৪৩৩
১৭ মে ২০২৬

বিষয়: প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নাম ব্যবহার করে আইনি নোটিশসহ বিভিন্ন মাধ্যমে জনসাধারণকে মিথ্যা হয়রানি, প্রতারণা ও ভীতিপ্রদর্শন বিষয়ে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের জানানো যাচ্ছে যে, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ডি-১১ (প্রশাসন) শাখার নাম ব্যবহার করে একটি প্রতারণা চক্র দেশের বিভিন্ন জেলার একাধিক ব্যক্তিকে অপরাধমূলক কার্যকলাপে অভিযুক্ত করে শাস্তি প্রদানের মিথ্যা ও ভূয়া আইনি নোটিশ প্রদান করে হয়রানিসহ জেল-জরিমানা ও শাস্তির ভয়ভীতি প্রদান করা হচ্ছে। উল্লেখ্য, পত্রে উল্লিখিত আইন নিয়ন্ত্রণ বিভাগ ও ক্রাইম ইউনিট সেল নামে এ মন্ত্রণালয়ের কোন শাখা বা সেল নেই। অপরাধমূলক এসকল কার্যক্রমে জনসাধারণ বিভ্রান্ত ও ক্ষতিগ্রস্ত হওয়ার পাশাপাশি মন্ত্রণালয়ের সুনামও ক্ষুণ্ণ হচ্ছে।

২। এমতাবস্থায়, একটি সতর্কীকরণ বিজ্ঞপ্তি (কপি সংযুক্ত) প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১ (এক) পাতা।


(আবু হাসনাত মোঃ মঈনউদ্দিন)

উপসচিব

ফোন: ৫৮১৫১৩৭১

E-mail: d11@mod.gov.bd

পরিচালক

আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)

ঢাকা সেনানিবাস, ঢাকা

নম্বর: ২৩.০০.০০০০.১১০.৯৯.০৮২.১৭.৭০৭

তারিখ: ০৩ জ্যেষ্ঠ ১৪৩৩
১৭ মে ২০২৬

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সচিবের প্রকান্ত সচিব (উপসচিব), প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। উপসচিব, ডি-১৪ শাখা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। ব্যক্তিগত কর্মকর্তা (অনুবিভাগ-২), প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অফিস কপি/মাস্টার কপি

(আবু হাসনাত মোঃ মঈনউদ্দিন)
উপসচিব

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নাম ব্যবহার করে একটি প্রতারণা চক্র দেশের বিভিন্ন জেলার একাধিক ব্যক্তিকে অপরাধমূলক কার্যকলাপে অভিযুক্ত করে মিথ্যা ও ভূয়া আইনি নোটিশ প্রদান করে হয়রানিসহ জেল-জরিমানা ও শাস্তির ভয়ভীতি প্রদান করছে। উল্লেখ্য, প্রতিরক্ষা মন্ত্রণালয়ে আইন নিয়ন্ত্রণ বিভাগ ও ক্রাইম ইউনিট সেল নামে কোন বিভাগ/শাখা/সেল নেই এবং প্রতিরক্ষা মন্ত্রণালয় এ ধরনের কার্যক্রম পরিচালনা করা হয় না। বর্ণিত বিষয়ে ইতোমধ্যে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। প্রতারণা চক্রের এ ধরনের কার্যকলাপে বিদ্রোহ ও আর্থিক লেনদেন হতে বিরত থাকার জন্য সকলকে অনুরোধ করা হলো।



মোঃ হাসিনাত মোঃ মঈনউদ্দিন
উপসচিব
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার